লেন্স এশিয়া

LENS ASIA

৭ নভেম্বর, ২০২৫

# গবিতে ভেটেরিনারি শিক্ষার্থীদের আনন্দ মিছিল, সমন্বিত ডিগ্রির স্বীকৃতি উদযাপিত




সংগৃহীত ছবি

গণ বিশ্ববিদ্যালয়ের ভেটেরিনারি অ্যান্ড অ্যানিমেল সায়েন্সেস অনুষদের শিক্ষার্থীরা আনন্দ মিছিল করেছে। মিছিলের কারণ হলো মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় সম্প্রতি এক সিদ্ধান্ত নিয়েছে, যেখানে বিসিএস (পশুসম্পদ) ক্যাডার সার্ভিসের সব পদে কেবলমাত্র সমন্বিত বি.এসসি ইন ভেটেরিনারি সায়েন্স অ্যান্ড অ্যানিমেল হাজব্যান্ড্রি ডিগ্রিধারীদের মাধ্যমে পদ পূরণ করা হবে।

LENS ASIA

বৃহস্পতিবার (৬ নভেম্বর) একাডেমিক ভবন থেকে শুরু হয়ে বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকে গিয়ে মিছিল শেষ হয়। এতে অনুষদের বিপুলসংখ্যক শিক্ষার্থী অংশ নেন।

আনন্দ মিছিলে অংশ নেওয়া শিক্ষার্থী কুঞ্জ বলেন, “দীর্ঘদিনের পরিশ্রম এবং আমাদের দাবি পূরণের ফলেই এই গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত এসেছে। এজন্য আমরা বিশেষভাবে ধন্যবাদ জানাই মৎস্য ও প্রাণিসম্পদ উপদেষ্টা ফরিদা আখতার ম্যামকে, যিনি এই ঐতিহাসিক স্বপ্ন বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন।”

অন্য একজন শিক্ষার্থী মো. মাহিদুজ্জামান সিয়াম বলেন, “আমরা সত্যিই আনন্দিত। দেশের লাইভস্টক সেক্টরের প্রায় ৮০ ভাগ অংশ অ্যানিমেল হাজব্যান্ড্রি খাত নিয়ন্ত্রণ করে। এখন সমন্বিত ডিগ্রিধারীরা দেশের যেকোনো স্থানে আবেদন করতে পারবে, যা আগে সম্ভব ছিল না।”

গকসুর সাংস্কৃতিক সম্পাদক ও অনুষদের শিক্ষার্থী মো. মারুফ বলেন, “বাংলাদেশের প্রাণিসম্পদ খাতে দীর্ঘদিনের বৈষম্যের অবসান ঘটেছে। এই সিদ্ধান্তের মাধ্যমে ভেটেরিনারি সেক্টর আজ আনন্দিত ও উৎসাহিত। সমন্বিত ডিগ্রির স্বপ্ন দেখেছিলেন আমাদের গণ বিশ্ববিদ্যালয়ের স্বপ্নদ্রষ্টা ডা. জাফরুল্লাহ চৌধুরী স্যার। তাই আনন্দ ও গর্ব আমাদের অন্যদের চেয়ে অনেক বেশি।”

উল্লেখ্য, গত ৫ নভেম্বর মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় প্রকাশিত এক প্রজ্ঞাপনে জানায়, ভবিষ্যতে বিসিএস (পশুসম্পদ) ক্যাডার পদে আবেদন করার জন্য কেবলমাত্র বি.এসসি ইন ভেটেরিনারি সায়েন্স অ্যান্ড অ্যানিমেল হাজব্যান্ড্রি ডিগ্রিধারীরা যোগ্য হবেন।